

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৪)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd  
ই-মেইল: office@ntrca.gov.bd

### গণশুনানি বিজ্ঞপ্তি (ওয়েবসাইটের মাধ্যমে প্রচারিত)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল এর অংশ হিসেবে অত্র প্রতিষ্ঠানের সেবাপ্রত্যাশী নিবন্ধন সনদ অর্জনকারীদের এনটিআরসিএ'র চলমান কার্যক্রম বিষয়ে প্রাপ্ত সেবা ও কার্যক্রম সংক্রান্ত যে কোনো অভিযোগ, আবেদন ও নিবেদন সরাসরি শ্রবণের মাধ্যমে নিষ্পত্তি এবং নাগরিক সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে এনটিআরসিএ'র কর্মকর্তাসহ চেয়ারম্যান, এনটিআরসিএ'র সভাপতিত্বে গণশুনানি দেশের ০৮ (আট) টি বিভাগে পর্যায়ক্রমে আয়োজন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। গৃহীত পদক্ষেপের ধারাবাহিকতায় আগামী ২১ মার্চ ২০১৯ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪.৪৫ ঘটিকায় ময়মনসিংহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ময়মনসিংহ বিভাগের সেবা প্রত্যাশীগণের দ্বিতীয় গণশুনানি অনুষ্ঠিত হবে। এমতাবস্থায়, ময়মনসিংহ বিভাগের নিবন্ধন সনদধারীগণকে তাদের কোনো সমস্যা, অভিযোগ ও পরামর্শ থাকলে উক্ত দিন গণশুনানিতে সরাসরি অংশগ্রহণের মাধ্যমে তাদের প্রত্যাশা ও প্রাপ্তি উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।


স্বাঃ/-  
চেয়ারম্যান  
এনটিআরসিএ, ঢাকা।

স্মারক নং: বেশিনিক/প্রশাঃ/সেমিনার/৮২০/২০১৮/৩১৩

তারিখ: ০৫ চৈত্র ১৪২৫  
১৯ মার্চ ২০১৯

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, শেরপুর/ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোণা।

  
(শারমিন সুলতানা)  
সহকারী পরিচালক  
প্রশাসন (HRM)  
এনটিআরসিএ, ঢাকা।